



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours PART-I Examinations, 2016

বাংলা-সাম্মানিক

বাংলা-দ্বিতীয় পত্র

সময়: ৪ ঘন্টা

পূর্ণমান: ১০০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণ মান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দাও।

১। গল্পের আকারগত সংক্ষিপ্ততাই ছোটগল্পের একমাত্র বৈশিষ্ট্য নয়। ৮+১২

–বিষয়টি আলোচনা প্রসঙ্গে উপন্যাসের সঙ্গে ছোটগল্পের প্রকৃতিগত ভিন্নতা নির্দেশ কর। এই সূত্রে একটি ছোটগল্প বিশ্লেষণ করে পরিণতির দিকটি কীভাবে বিশিষ্ট হয়ে উঠেছে তারও পরিচয় দাও।

অথবা

যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০

(ক) সামাজিক ঐতিহাসিক প্রভৃতি বিচিত্রতা সত্ত্বেও উপন্যাসের এমন কিছু সাধারণ বৈশিষ্ট্য আছে, যা সব ধরনের উপন্যাসেই প্রত্যাশিত। –আলোচনা কর। ১০

(খ) ঐতিহাসিক উপন্যাসের সাফল্য কোন্ কোন্ বিশেষত্বের উপর নির্ভর করে? একটি বাংলা ঐতিহাসিক উপন্যাস অবলম্বনে তার সিদ্ধি ও সীমাবদ্ধতার দিকগুলি পরিস্ফুট কর। ৪+৬

(গ) যে-কোন উপন্যাসেই সমাজ চৈতন্যের প্রতিফলন ঘটে। তবু, বিশেষভাবে সামাজিক উপন্যাস হিসেবে অভিহিত হওয়ার জন্যে কী ধরনের বিশেষত্ব প্রয়োজন? প্রসঙ্গত, একটি উল্লেখযোগ্য বাংলা সামাজিক উপন্যাসের পরিচয় দাও। ৪+৬

(ঘ) রাজনৈতিক উপন্যাসের প্রাণধর্ম তথা বিষয়বস্তুর পরিচয় দাও। এইসূত্রে বাংলা সাহিত্যের একটি উল্লেখযোগ্য রাজনৈতিক উপন্যাস সম্পর্কে আলোচনা কর। ৪+৬

- ২।(ক) 'চন্দ্রশেখর' উপন্যাসে বঙ্কিম গঙ্গানদীকে শুধু ঘটনামাত্রের প্রেক্ষিতে ব্যবহার করেন নি, নদীর মাধ্যমে তার শিল্পরূপকে আরো ঐশ্বর্যময় করে তুলেছেন। -আলোচনা কর। ১৫

অথবা

শৈবলিনী চরিত্র পরিকল্পনায় নীতির অবলেপ থাকলেও শেষপর্যন্ত সেখানে জীবন এবং শিল্পের ধর্মই ব্যঞ্জিত হয়েছে। -মন্তব্যটি কতদূর যথার্থ তা বিশ্লেষণ কর।

- (খ) 'শেষের কবিতা' উপন্যাসের রসরূপ উপলব্ধির ক্ষেত্রে উপন্যাসে উল্লিখিত কবিতাগুলি কোন ভূমিকা পালন করেছে তা বিশ্লেষণ কর। ১৫

অথবা

শোভনলালের 'প্রত্যাখ্যাত' ভালোবাসা কোন আন্তরিক মাহাত্ম্যে শেষপর্যন্ত 'লাবণ্য'ময় হয়ে উঠতে পেরেছে - 'শেষের কবিতা' উপন্যাসটি অনুসরণে জীবনচিত্রের এই পটপরিবর্তনের প্রবর্তনাটি বুঝিয়ে দাও। ১৫

- (গ) 'শ্রীকান্ত' উপন্যাসের প্রথম পর্বে রাজলক্ষ্মী ও অন্নদাদিদি চরিত্রদুটি পরস্পরের পরিপূরক কিনা বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। ১৫

অথবা

শ্রীকান্ত (প্রথম পর্ব) শুরু থেকে শেষপর্যন্ত লেখকের 'আত্মকথা'। -আলোচনা কর। ১৫

- (ঘ) আঞ্চলিক ও লৌকিক তথ্য সংবাহক 'সঙ্গীত' 'হাঁসুলী বাঁকের উপকথা'-র ভাব-তাৎপর্যকে কতদূর প্রসারিত করতে পেরেছে তা বুঝিয়ে লেখ। ১৫

অথবা

করালীর সংগ্রাম প্রকৃতপক্ষে বহুযুগের লোকপূরণের বিরুদ্ধে বাস্তবের প্রতিষ্ঠা। - 'হাঁসুলী বাঁকের উপকথা' অবলম্বনে মন্তব্যটি করালী চরিত্র সম্পর্কে কতখানি প্রযোজ্য তা আলোচনা করে দেখাও। ১৫

- ৩।(ক) 'সে কেবল আমার উচ্চপদে আরোহণের সোপান-এখন ছাদে উঠিয়াছি-মই ফেলিয়া দিতে পারি।' ১+১+৩
-বক্তা কে ? কাকে উদ্দেশ্য করে এই মন্তব্যের অবতারণা ? প্রসঙ্গ উল্লেখ করে বক্তব্যটির তাৎপর্য বুঝিয়ে লেখ।

অথবা

'তবে, ইহাই বলিতে পারি, ইন্দ্রিয়জয়ে যদি পুণ্য থাকে তবে অনন্তস্বর্গ তোমারই।' - কোন প্রেক্ষিতে ২+১+২
কার এই মন্তব্য ? উদ্দিষ্ট ব্যক্তিটিই বা কে ? বক্তার এই উপলব্ধির মর্মার্থ বুঝিয়ে লেখ।

- (খ) ‘...এ সমস্ত ক্রিয়াকর্মের জঞ্জাল তোমার জন্যে নয়। যারা মূঢ় তারা কেবল যে নিজেদেরকে নিজেরা ঠকায় তা নয়, পৃথিবী-সুদূর সমস্ত -কিছুই তাদের ঠকাতে থাকে’।- কাকে লক্ষ্য করে কার এই উক্তি? ‘ক্রিয়াকর্মের জঞ্জাল’ কথাটির তাৎপর্য বুঝিয়ে দাও। ১+১+৩

অথবা

‘আমার মধ্যে নতুন যেটা এসেছে সেটাই অনাদিকালের পুরোনো, ভোরবেলাকার আলোর মতোই সে পুরোনো, নতুন-ফোটা ভূঁই চাঁপা ফুলেরই মতো, চিরকালের জিনিস, নতুন করে আবিষ্কার।’ -প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতিটিতে বক্তার মনোজগতের কোন বিশেষ রূপ প্রকাশ পেয়েছে তা বুঝিয়ে লেখ। ২+৩

- (গ) ‘আমরা তন্ত্রমন্ত্র কিছুই জানি নে, মড়াও বাঁচাতে পারি নে, কড়ি চেলে সাপ ধরেও আনতে পারি নে। আর কেউ পারে কিনা, জানি নে। কিন্তু আমাদের কোন ক্ষমতাই নেই।’- কার উদ্দেশ্যে কার এই স্বীকারোক্তি? -প্রসঙ্গটি বুঝিয়ে দাও। ১+১+৩

অথবা

‘হঠাৎ বঙ্কুরমা অভভেদী হিমাচলের ন্যায় পথরুদ্ধ করিয়া রাজলক্ষ্মী ও আমার মাঝখানে আসিয়া দাঁড়াইয়াছে।’-প্রসঙ্গ উল্লেখ করে ‘বঙ্কুর মা’ আর ‘অভভেদী হিমাচলের’ ব্যঞ্জনা বুঝিয়ে দাও। ২+৩

- (ঘ) ‘বাবার বাহন ফণা তুলে আবার কোন নতুন রূপ ধরে আসছে নাকি ! সমস্ত কাহারপাড়া অন্ধকারে আকাশপানে উদগ্ৰীব শঙ্কিত দৃষ্টিতে চেয়ে দাঁড়িয়ে রইল’। - প্রসঙ্গ উল্লেখ করে কাহারপাড়ার শঙ্কা, উৎকণ্ঠার কারণ বুঝিয়ে লেখ। ৫

অথবা

‘...আর কালোশশীর বুনবি, কালোশশীর মতন দেখতে শুনতে ব’লে!’ -কার বক্তব্য? কালোশশীর সংক্ষিপ্ত পরিচয় দিয়ে বক্তার এ ধরনের ইঙ্গিতগর্ভ বক্তব্যের কারণ নির্দেশ কর। ১+২+২